

2020 সালের গণনায়

আমাদের অন্তর্ভুক্ত

গণনায় থাকার
মাঝেই রয়েছে

ASIAN AMERICANS
ADVANCING
JUSTICE

COUNTUSIN2020.ORG

2020 জনগণনা কীভাবে আপনার কমিউনিটির উপর প্রভাব ফেলবে

বর্তমানকে রক্ষা, ভবিষ্যতে বিনিয়োগ

জনগণনার তথ্য কমিউনিটিগুলোর জন্য বার্ষিক \$1.5 ট্রিলিয়ন ডলার ফেডারেল অর্থ বরাদ্দের সিদ্ধান্তকে প্রভাবিত করে আপনার পরিবার ও কমিউনিটির উন্নতি নিশ্চিত করতে সাহায্য করে থাকে।

এতে আপনার কামডাটাটর কীভাবে সুবিধা হবে?



Medicaid and
Medicare



Highway Funding



Section 8 Housing
Vouchers



Supplemental
Nutrition Assistance
Program (SNAP)



Headstart



Special Education
Grants



Child Care and
Development Block
Grants



Libraries and
Hospitals



And much more!

Get Resources for Your Community

আপনার কমিউনিটির প্রতিটি মানুষের গণনার মানে হলো অতিরিক্ত ফেডারেল অর্থ বরাদ্দ পাওয়া। অপরদিকে, জনগণনায় অংশ না নেওয়া প্রতিটি মানুষের জন্য আপনার কমিউনিটি প্রতি বছর হাজার হাজার অর্থ বরাদ্দ হারাতে পারে। যেহেতু প্রতি 10 বছর অন্তর জনগণনা হয়ে থাকে, এই হারানোর ধারা 2030 পর্যন্ত প্রতি বছর চলতে থাকবে যার ফলে অনেক রিসোর্সেস নষ্ট হবে।

জনগণনায় অংশ নেওয়ার মানে হলো আপনি আপনার কমিউনিটির জন্য ফেডারেল অর্থ বরাদ্দের ন্যায্য ভাগ চাওয়া। আপনার কমিউনিটির যে অর্থ বরাদ্দ প্রাপ্য তা হারাতে দেবেন না।

আপনার কমিউনিটি দৃশ্যমান কিনা তা নিশ্চিত করুন

জনগণনার তথ্য শুধু ফেডারেল অর্থ বরাদ্দ নির্ধারণে ব্যবহৃত হয় না, এর মাধ্যমে কোথায় রিসোর্সেস কাজে লাগাতে হবে তা নীতি-নির্ধারকেরা জানতে পারেন। জনসংখ্যার তথ্য আপনার কমিউনিটির উপর জোরালো প্রভাব ফেলে কারণ এই তথ্য পরিকল্পনা ও বিনিয়োগের সিদ্ধান্তকে প্রভাবিত করে থাকে।

যখন সঠিক গণনা হবে,

- স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টগুলো বুঝতে পারবে কোথায় নতুন স্কুল দরকার বা বিদ্যমান কোন স্কুলগুলোকে সম্প্রসারণ করতে হবে,
- স্থানীয় সরকার বুঝতে পারবে কীভাবে আবাসন বিষয়ক পরিকল্পনা গ্রহণ করতে হবে,
- স্বাস্থ্যসেবা প্রদানকারীরা বুঝতে পারবে তাদের আশপাশের জনসংখ্যার জন্য কোন ধরনের পরিষেবাগুলিকে অগ্রাধিকার দিতে হবে,

- ব্যবসা প্রতিষ্ঠানগুলো বুঝতে পারবে কোথায় নতুন দোকান ও সেবা চালু করতে হবে, এবং
- পরামর্শদাতাদের কাছে তথ্য থাকবে যা দিয়ে তারা কমিউনিটি সদস্যদের জীবনের মান উন্নয়নে সহায়ক নীতির খসড়া তৈরি করে তা বাস্তবায়নের দাবি জানাতে পারবে।

রাজনৈতিক প্রতিনিধিত্বের জন্য গণনায় থাকা



সরকারের কাছে আপনার কথা পৌঁছে দেওয়া নিশ্চিত করতে জনগণনার তথ্য গুরুত্বপূর্ণ।

এই তথ্য ব্যবহার করা হয়:

- প্রতিটি স্টেট যুক্তরাষ্ট্রের হাউজ অফ রিপ্রেজেন্টেটিভসে কতগুলো আসন পাবে তা নির্ধারণ করার জন্য, এর মাধ্যমে আপনার কমিউনিটির রাজনৈতিক ক্ষমতা প্রতিষ্ঠিত হয়ে থাকে।
- সরকারের সকল পর্যায়ে রাজনৈতিক ডিস্ট্রিক্ট ম্যাপ পুনর্নির্ধারণ করার জন্য।
- ভোটারদেরকে বর্ণ বৈষম্য থেকে রক্ষা করার জন্য।
- ভোটারদের ভাষাগত সহায়তা পাওয়ার আইনগত অধিকার নিশ্চিত করার জন্য।

প্রতিটি জবাব আপনার কমিউনিটির জন্য গুরুত্বপূর্ণ

কিছু কমিউনিটি বিশেষভাবে থাকে "হার্ড টু কাউন্ট"—এর মানে হলো এসব কমিউনিটিতে অনেক মানুষই আছে যাদের জনগণনাতে সাড়া না দেওয়ার সম্ভাবনা বেশি। এর ফলে জনগণনাতে সামঞ্জস্যহীন পরিসংখ্যান তৈরি হয় - যেখানে বাস্তবে কমিউনিটিতে যত মানুষ থাকছে তার চেয়ে জনগণনার রেকর্ডে মানুষের সংখ্যা কম হবে। অতীতে দেখা গেছে যেসব কমিউনিটি হার্ড-টু-কাউন্ট তার মধ্যে রয়েছে বর্ণগত ও গোষ্ঠীগত সংখ্যালঘুরা, ভাড়াটিয়া, সীমিত ইংরেজি দক্ষতা সম্পন্ন মানুষ, অভিবাসী ও ছোট্ট শিশু।

AANHPI 2020 জনগণনাতে আন্ডারকাউন্ট হওয়ার
ঝুঁকিতে থাকা কমিউনিটিগুলো



এশিয়ান অ্যামেরিকানরা জনগণনার জন্য হার্ড-টু-কাউন্ট এলাকায় থাকে

ft! " 3

নেটিভ হাওয়াইয়িয়ান; ও প্যাসিফিক আইল্যান্ডাররা জনগণনার জন্য হার্ড-টু-কাউন্ট এলাকায় থাকে

অনেক এশিয়ান অ্যামেরিকান, নেটিভ হাওয়াইয়িয়ান ও প্যাসিফিক আইল্যান্ডাররা হার্ড-টু-কাউন্ট এলাকায় থাকে যেখানে রয়েছে দারিদ্র্য ও বেকারত্বের উচ্চ হার, স্থিতিশীল ও সাশ্রয়ী আবাসন খুঁজে পাওয়ার চ্যালেঞ্জ, কম শিক্ষার হার ও বিরাট ভাষাগত বাধা। পরিসংখ্যান কম হলে ফেডারেল অর্থ বরাদ্দ হারাতে হবে যা দিয়ে হয়ত এশিয়ান অ্যামেরিকান, নেটিভ হাওয়াইয়িয়ান ও প্যাসিফিক আইল্যান্ডারদের চাহিদা পূরণ করা যেতো। 2020 সালে আমাদের কমিউনিটিগুলোর পূর্ণ গণনা নিশ্চিত করতে এবং আগামী দশকের জন্য তাদের ন্যায্য ভাগ পাওয়ার জন্য জনগণনাতে প্রতিটি ব্যক্তির অংশগ্রহণ গুরুত্বপূর্ণ।